

How to prepare Hand Sanitizer

নিজের বাড়ির জন্য ও বন্ধুদের জন্য হাত জীবানুমুক্ত রাখার দ্রবন বা হ্যান্ড স্যানিটাইজার নিজেই বানিয়ে নিন।

পদ্ধতি ১: তিন কাপ আইসোপ্রোপানল নিন। তার সঙ্গে এক কাপ আলোভেরা জেল মেশান। এবার এতে ৪০-৫০ ফোঁটা সুগন্ধি তেল (যেমন ল্যাভেন্ডার তেল, ইউক্যালিপটাস তেল বা লবঙ্গ তেল) মিশিয়ে দিন। এসব তেল না পেলে ঐ পরিমাণ লেবুর রসও দিতে পারেন। ভালো করে মিশিয়ে নিন। হয়ে গেল আপনার হাত জীবানুমুক্ত রাখার প্রায় এক লিটার দ্রবন। চটজলদি ঢাকা দেওয়া ৫০ বা ১০০ মিলিলিটারের শিশিতে ভরে ফেলুন। নিজের বাড়িতে কাজে লাগান। পড়শি এবং বন্ধুদেরও দিন..সকলে যাতে সুস্থ থাকে।

পদ্ধতি ২: ৭৫০মিলিলিটার আইসোপ্রোপানল আর ৪০ মিলি লিটার ৩% হাইড্রোজেন পারঅক্সাইড মেশান। তাতে ১৫ মিলিলিটার ঘন গ্লিসারল বা গ্লিসারিন মেশান। এবার আগে ফুটিয়ে ঠান্ডা করা জল প্রায় ১৯৫ মিলিলিটার এর সঙ্গে ভালোভাবে মিশিয়ে দিন। হয়ে গেল আপনার এক লিটার হাত জীবানুমুক্ত রাখার দ্রবন। চাইলে গন্ধতেল ৪০-৫০ ফোঁটা এতেও মেশাতে পারেন। না দিলেও ক্ষতি নেই! এবার আগের মতো ঢাকাওয়ালা শিশিতে ভরে ব্যবহার করুন আর অন্যদের ব্যবহার করতে দিন।

পদ্ধতি ৩: আইসোপ্রোপানলের বদলে ইথানল নিলে ইথানলের পরিমাণ হবে ৮৩৫ মিলিলিটার, কিন্তু হাইড্রোজেন পার অক্সাইড আর ঘন গ্লিসারল বা গ্লিসারিনের পরিমাণ একই থাকবে। আর জল লাগবে কম, ১১০ মিলিলিটার।

মনে রাখবেন, আইসোপ্রোপাইল আলকোহল বা আইসোপ্রোপানলটা হবে ৯৯.৮% (বোতলে লেখা থাকে...রাসায়নিক বিক্রি করে যেসব দোকান সেখানে পাবেন)। হাইড্রোজেন পারঅক্সাইডটা ৩%, আর গ্লিসারলটা ৯৮% হতে হবে। এগুলো রাসায়নিক বিক্রির দোকানেই পাবেন। আলোভেরা জেল ও ল্যাভেন্ডার তেল ইত্যাদি বোধহয় প্রসাধন সামগ্রীর দোকানে পাওয়া যায়। ওখানেই একটা ফাইবারের কমদামী ১০০ মিলিলিটারের মেজারিং সিলিন্ডার পেয়ে যাবেন মাপামাপির জন্য।
